

২০১৬

বাংলা

তৃতীয় পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

১। 'সোনে ভরিতী করুণা নাবী' — পদটির বাচ্যার্থ লেখো। অস্তনিহিত গুঢ় তত্ত্বের ব্যাখ্যা করো।

অথবা

কয়েকজন পদকর্তার পদ অবলম্বনে চর্যাপদে বর্ণিত সমাজচিত্রের পরিচয় দাও।

- ২। যেখানে শ্রীকৃষ্ণকীর্তনের শেষ, সেখানেই পদাবলীর শুরু — ‘রাধাবিরহ’
অবলম্বনে মন্তব্যটির যথার্থ্য বিশ্লেষণ করো। ১৬

অথবা

- ‘শ্রীকৃষ্ণকীর্তন’-এর কাব্যসৌন্দর্য বিচার করো। ১৬

- ৩। ‘চৈতন্যচরিতামৃত’-র মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে বৈষ্ণব-পঞ্চরস
সম্পর্কে আলোচনা করো। ১৮

অথবা

- সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো দুটি) : ৯+৯

(ক) সাধ্যতত্ত্ব ;

(খ) সাধনতত্ত্ব ;

(গ) কৃষ্ণতত্ত্ব।

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

- ৪। পূর্বরাগ পর্যায়ের পদে চণ্ডীদাসের দক্ষতার পরিচয় দাও। ১৬

অথবা

- কুলবতী কঠিন কবাট — পদটি কার রচিত? কোন্ পর্যায়ের পদ? পদটির মর্মার্থ
লিখে পদকর্তার কৃতিত্ব আলোচনা করো। ১+১+৬+৮

- ৫। চরিত্র অঙ্কনে মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব নিরূপণ করো। ১৬

অথবা

- মুকুন্দের চণ্ডীমঙ্গলে ‘থস্মোৎপত্তির কারণ’ অংশে যে সমকালীন সমাজজীবনের
চিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো। ১৬

৬। 'পদ্মাবতী' কাব্য অনুবাদ গ্রন্থ হয়েও একটি যথার্থ মৌলিক সৃষ্টি হয়ে উঠেছে।

— মন্তব্যটি বিশ্লেষণ করো।

১৮

অথবা

'পদ্মাবতী' কাব্যের রচনাশৈলী বিচারসূত্রে কবির দক্ষতার পরিচয় দাও।

১০+৮